

# Prime Minister's Departure Statement ahead of his visit to Lumbini, Nepal (May 16, 2022)

May 15, 2022

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামীকাল (16ই মে) নেপালের লুম্বিনী সফর করবেন

### সফরের পূর্বে প্রধানমন্ত্রীর বিবৃতি

নেপালের প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবার আমন্ত্রণে আমি আগামীকাল (16ই মে) নেপালের লুম্বিনী সফর করবো।

পবিত্র বুদ্ধ জয়ন্তী উপলক্ষে মায়াদেবী মন্দিরে আমি পূজার্চনায় অংশ নিতে অত্যন্ত আগ্রহী। ভগবান বুদ্ধের পবিত্র এই জন্মস্থানে লক্ষ লক্ষ ভারতীয়ের মত শ্রদ্ধা জানানোর সুযোগ পেয়ে আমি অত্যন্ত সম্মানিত।

নেপালের প্রধানমন্ত্রীর গত মাসের ভারত সফরের সময় আমাদের মধ্যে ফলপ্রসূ আলোচনার পর আরও একবার প্রধানমন্ত্রী দেউবার সঙ্গে বৈঠকের ব্যপারে আমি অত্যন্ত আশাবাদী। জলবিদ্যুৎ, উন্নয়ন ও যোগাযোগ ব্যবস্থা সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতাকে আরও সম্প্রসারিত করতে আমাদের অভিন্ন বোঝাপড়া অব্যাহত থাকবে।

পবিত্র মায়াদেবী মন্দির পরিদর্শনের পাশাপাশি আমি লুম্বিনী মঠে ইন্ডিয়া ইন্টন্যাশনাল সেন্টার ফর বৌদ্ধ কালচার অ্যান্ড হেরিটেজ সেন্টারের শিলান্যাস অনুষ্ঠানে যোগ দেব। নেপাল সরকারের পক্ষ থেকে বুদ্ধ জয়ন্তী উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানেও আমি অংশ নেব।

নেপালের সঙ্গে আমাদের সম্পর্ক অতুলনীয়। ভারত ও নেপালের মধ্যে সভ্যতাগত ও মানুষের সঙ্গে মানুষের যোগাযোগ আমাদের ঘনিষ্ঠ সম্পর্কের এক স্থায়ী ভিত্তি প্রদান করে। আমার সফরের উদ্দেশ্যই হল, সময়ের সঙ্গে সঙ্গে মজবুত হওয়া দুই দেশের সম্পর্ককে উদযাপন করা এবং তাকে আরও নিবিড় করে তোলা। আমাদের এই সম্পর্ক বহু শতাব্দী ধরে বিকশিত হয়েছে এবং দুই দেশের মধ্যে পারস্পরিক যোগাযোগের দীর্ঘ ইতিহাসে তা লিপিবদ্ধ হয়েছে।

নতুন দিল্লী

মে 015, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.